সামশেরগঞ্জে গ্রেফতার ২ অস্ত্র কারবারি, উদ্ধার আগ্নেয়াস্ত্র

নিজস্ব প্রতিনিধি, বহরমপুর : আগ্নেয়াস্ত্র সহ সামশেরগঞ্জ থেকে দুই অস্ত্র কারবারিকে গ্রেফতার করল পুলিশ। সাতটি পিস্তল, তিনটি ওয়ান শটার, ১০ রাউন্ড গুলি সহ ১৪টি ম্যাগাজিন উদ্ধার হয়েছে। ধৃতদের নাম আলেমুল শেখ ও ওয়াহিদ মোমিন। দু'জনেরই বাড়ি মালদা জেলার কালিয়াচকে।

মুর্শিদাবাদের পুলিশ সুপার মুকেশ কুমার বলেন, 'ধৃতরা আগ্নেয়াস্ত্রর ক্যারিয়ার হিসেবে কাজ করে। অস্ত্র কারবারের ডিলারকে আমরা শনাক্ত করেছি। তার বাড়ি মালদার মহামপুরে। তাকেও ধরার চেষ্টা চলছে। সামশেরগঞ্জে যাদের অস্ত্র সরবরাহ করা হত, তাদেরও চিহ্নিত করা হয়েছে।

মুর্শিদাবাদ জেলায় বাড়ছে অস্ত্র কারবার। মালদা থেকে মুর্শেদ-মেড অস্ত্র জেলার চোকায় উদ্বিগ্ন পুলিশ। অস্ত্র কারবারিদের বাগে আনতে পুলিশ নিজস্ব সোর্স বাড়িয়েছে। সোর্স থেকে খবর পেয়ে বৃহস্পতিবার রাতে সামশেরগঞ্জ থানা এলাকায় ৩৪ নম্বর জাতীয় সড়ক থেকে দুজনকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশের চোখে ধূলো দিয়ে নাইলনের ব্যাগে গামছায় মুড়ে অস্ত্রগুলি আনা হয়। কালিয়াচক থেকে আনার পর সামশেরগঞ্জে এক কারবারিকে দেওয়া হত। পুলিশের জেরায় ধৃতরা স্বীকার করেছে, একটি অস্ত্র হাতবদল করতে পারলে তাদের এক হাজার টাকা দেওয়া হয়। প্রসঙ্গত, চলতি বছরে একাধিক অভিযান চালিয়ে ১৬৭টি আগ্নেয়াস্ত্র উদ্ধার হয়েছে।

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

1	5					4		7
7				2				
		2	8				1	5
		5	3			1		
	3						8	
		7			9	2		
3	9				2	8		
				9				1
5		6					9	2

গতকালের সমাধান

3	1	4	5	9	2	8	6	7
5	7	8	4	1	6	3	9	2
6	2	9	3	7	8	4	1	5
1	3	6	2	4	7	5	8	9
2	9	5	8	6	1	7	4	3
4	8	7	9	5	3	1	2	6
9	5	3	6	8	4	2	7	1
8	6	1	7	2	5	9	3	4
7	4	2	1	3	9	6	5	8

— সমাধানের নিয়ম —
এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডি গ্রি ও ২৬ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।
তাপমাত্রা: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮১ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।১১, **সূর্যাস্ত:** ঘ ৬:১১ **জোয়ার:** দুপুর :১:২১। **ভাঁটা:** সকাল : ৮:২৮।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	২৯,৯৭৫
গহনা সোনা (১০ গ্রাম):	২৮,৪১০
হলমার্কগহনা:	২৮,৭৬৫
(২২ ক্যারেট ১০ গ্রাম):	
রুপোর বাট (প্রতি কেজি):	৩৯,১০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৩৯,২০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর অলাদা)।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

শেয়ারসূচক

BSE 37,869.23 ▼ (-155.14)
NIFTY 11,429.50 ▼(-41.20)

শব্দলিপি- ১২৭৯



পারমিতা ব্যানার্জী

পাশাপাশি ঃ ১। — হিটলার ৪। অসমের একটি রাজনৈতিক দল ৬। গুরুপূজা ৭। অনেকের বয়সের যা থাকে না ৯। শিখধর্মের প্রতিষ্ঠাতা ১১। ছিন্নমস্তক ১৩। বলরাম পত্নী ১৪। জামিন রাখা অর্থ

উপরনীচ ঃ ২। ভুখাভুলি ৩। ফলবাগিচা ৪। অর্ধপাগল ৫। 'বার্ন' যার রাজধানী ৬। একথা দু-পা করে ৮। ক্ষুদ্র বর্গাক্ষেত্রে অঙ্কিত কাগজ ১০। সদবা ১২। মাথা কামানো

সমাধান ঃ শব্দলিপি - ১২৭৮

পাশাপাশি ঃ ১। তারানাথ ৩। আজব ৬। বনিবনা ৮। সাকারবাদী ১০। রাষ্ট্রদান ১২। নারায়ণ ১৪। আশক ১৫। নেত্রদান

উপরনীচ ঃ ১। তান্ত্রিকসাধনা ২। নামান্তর ৪। জবাব ৫। ভবদীয় ৭। নাচনাকোঁদন ৯। বারাণসী ১১। প্রতিক্রিয়া ১৩। রাবেশ

ব্লক খাদ্য পরিদর্শকের কার্যালয়ে তাণ্ডব, আক্রান্ত সাংবাদিকও

নিজস্ব প্রতিনিধি, মিনাখাঁ : মিনাখাঁ ব্লক খাদ্য পরিদর্শকের কার্যালয়ে তাণ্ডব চালাল দুষ্কৃতীরা। অভিযোগ, তারা তৃণমূল যুব কংগ্রেসের কর্মী। অফিসে ঢুকে তারা কাগজপত্র তছনছ করার পাশাপাশি কর্মীদেরও বেধড়ক মারধর করে। গোলমালের খবর সংগ্রহ করতে গিয়ে শাসকদলের যুব নেতাদের হাতে আক্রান্ত হয় সংবাদমাধ্যমও। সাংবাদিকদের মারধর করে ক্যামেরা ও মোবাইল ফোন কেড়ে নেওয়া হয়।

ঘটনার সূত্রপাত বৃহস্পতিবার দুপুরে। বামনপুকুরের বাসিন্দা সুমিত্রা পাত্র নামে এক গৃহবধূর অভিযোগ, তিনি রেশন কার্ড ট্রান্সফার করতে চাইলে খাদ্য দফতরের কর্মীরা তাঁকে ঘোরাচ্ছেন। দফতরের এক কর্মী তাঁর কাছে টাকা দাবি করেছেন। সুমিত্রদেবীর এই অভিযোগ পেয়ে, ১০-১৫ জন অনুগামীকে নিয়ে খাদ্য দফতরে যান বামনপুকুর যুব তৃণমূলের সভাপতি প্রতীক মণ্ডল। অভিযোগ, দফতরের কর্মীদের সঙ্গে সংগঠনের কর্মীদের বচসা হয়। তখন দফতরের এক কর্মী প্রতীকবাবুর গায়ে হাত তোলেন। তারপরই শুরু হয় মারামারি। গোলমালের ছবি তোলার সময় সাংবাদিকদের উপরও হামলা চালানো হয়।

ঘটনার পর তড়িঘড়ি বৈঠকে বসেন বিডিও, ওসি ও ব্লক অফিসের আধিকারিকরা। পঞ্চায়েত সমিতির সহকারি সভাপতি গোলাম রহমান বলেন, 'সাংবাদিকদের উপর আক্রমণের নিন্দা করছি। যারা সরকারি অফিসে ঢুকে তাণ্ডব চালিয়েছে তাদের বিরুদ্ধে দল ব্যবস্থা নেবে।' দলের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়ার কথা শোনার পরই সুর নরম করেছেন অভিযুক্ত প্রতীক মণ্ডল। তিনি বলেন, 'ঘটনার জন্য আমি অনুতপ্ত। উত্তেজনার বশে একটা ভুল করে ফেলেছি। ক্ষমা চাইছি।' মিনাখাঁ পঞ্চায়েত সমিতির খাদ্য কর্মাধ্যক্ষ আজিজুল মোল্লা বলেন, 'সকাল থেকেই একটা উত্তেজনার পরিবেশ ছিল। ওই ছেলেগুলিকে বারণ করেছিলাম। বিষয়টি দলকে জানিয়েছি।'

তবে ঘটনার সময় দফতরের আধিকারিক অনির্বাণ মণ্ডল ছিলেন না। তিনি গোলমালের খবর পেয়ে দ্রুত অফিসে যান। অনির্বাণবাবু বলেন, 'ঘটনাটি অত্যন্ত নিন্দাজনক। যে কর্মীর বিরুদ্ধে ঘুষ চাওয়ার অভিযোগ উঠেছে, তাকে আমরা সাসপেন্ড করেছি।

আসামের এনআরসি খসড়ার বিরুদ্ধে হাওড়ার উলুবেড়িয়া রেলস্টশনের কাছে এসইউসিআইয়ের (কমিউনিস্ট) বিক্ষোভ সমাবেশ

যানজটে নাজেহাল খড়দহ স্টেশন রোডের পথচলতি মানুষ

নিজস্ব সংবাদদাতা, খড়দহ: নিত্য যানজটের কবলে ব্যতিব্যস্ত খড়দহ স্টেশন রোডের মানুষজন। অফিস টাইমে কার্যত অবরুদ্ধ হয়ে যায় জনবহুল এই রাস্তা। নিত্যযাত্রী থেকে স্কুলের ছাত্র-ছাত্রী সকলকেই দুর্ভোগের শিকার হতে হয়। বারবার কর্তৃপক্ষকে জানিয়েও কোনও ফল হয়নি বলেই অভিযোগ তুলেছেন স্থানীয় বাসিন্দারা। এ বিষয়ে খড়দহ পুরসভার চেয়ারম্যান তাপস পাল বলেন, খড়দহ স্টেশন রোডে যানজটের প্রধান সমস্যা রাস্তা সরু। রাস্তা চওড়া না করা গেলে এই ঝামেলা বাড়বে বই কমবে না। এদিকে রাস্তা চওড়া করতে গেলে আশেপাশের বাড়িঘর ভাঙা পড়বে। প্রশাসন থেকে ওই সমস্ত বাড়ির মালিকদের প্রস্তাব দিয়েছিল, বাড়ি খালি করে অন্য জায়গায় চলে যাওয়ার জন্য এবং তাদের পুনর্বাসনের কথাও ভাবা হয়েছিল। কিন্তু পুনর্বাসনের উপযুক্ত জমি পাওয়া যায়নি এবং রাস্তা সংলগ্ন বাড়ির মালিকরা বাড়ি ছাড়তে রাজি নয় বলেই পুরো পরিকল্পনাটি বিঁশ বাও জলে বলেই তিনি জানান।

খড় দহ স্টেশন রোড এলাকায় রয়েছে একাধিক স্কুল। বয়েজ স্কুল ছাড়াও একাধিক গার্লস স্কুলের ছেলে-মেয়েরা যেতে গিয়ে নাস্তানাবুদ হয়। বিশেষত যখন রেলগেটে পড়ে থাকে তখন বিপত্তি আরও বাড়ে। একবার রেলের ক্রসিংয়ে আটকে পড়লে ১০-১৫ মিনিটের আগে তা খোলে না। অফিস টাইমে রিক্সা, অটো, টোটোর দৌরাত্ম্যে নাকাল হতে হয় পথচারীদের। প্রতিদিন গড়ে পঁচিশ হাজার লোক যাতায়াত করে। খড়দহ পুরসভা অঞ্চল ছাড়াও বন্দিপুর, পাতুলিয়া পঞ্চায়েত এলাকা এবং টিটাগড় এলাকার লোকের এই রাস্তা দিয়ে চলা ফেরা করে বলে পুরসভা সূত্রে খবর। প্রসঙ্গত, রাস্তা চওড়া করার পাশাপাশি খড়দহ রেলগেটে একটি ওভার ব্রিজ করারও প্রস্তাব দেওয়া হয়েছিল পুরসভা থেকে। এই বিষয়টি নিয়ে স্থানীয় পুরপিতা তাপস দাশগুপ্ত পূর্ত দফতর এবং রেল বোর্ডকে বহুবার চিঠি চাপাটিও করেছেন বলে, তিনি দাবি করেন। তাঁর কথায়, 'আমি বহুবার চিঠি লিখেছি, পূর্ত দফতরের এক্সপার্ট কমিটি মিটিংও করেছিল, কিন্তু কাজ কিছুই এগোয়নি' অন্যদিকে শাসনদলের জেলার স্তরেরর নেতা ও স্থানীয় পুরপিতা কাজল সিংহ জানিয়েছেন, পুরো বিষয়টি মন্ত্রী অমিত মিত্র দেখছেন, কাজ এগোচ্ছে, খুব তাড়াতাড়ি সমস্যা মিটবে বলে তিনি আশাবাদী।

প্রধান শিক্ষকের বদলির বিরুদ্ধে আন্দোলনে ছাত্ররা

নিজস্ব প্রতিনিধি, হাওড়া : প্রধান শিক্ষক ভিতরে। তালা স্কুলের গেটে। পোস্টার পড়েছে স্কুলে। হাওড়া জেলা স্কুলের পনেরোশি ছাত্র রীতিমতো আন্দোলন শুরু করেছে স্কুলে। তবে এ আন্দোলন প্রধান শিক্ষক শুভজিত দত্তকে অপসারণের দাবিতে নয়। স্যারকে স্কুলে রাখার দাবিতে। হেড স্যারকে বদলির নির্দেশ মানছি না মানব না স্লোগান ছাত্রদের মুখে। অভিভাবকরাও হাত জোড় করে হেডস্যারকে স্কুলে থাকার অনুরোধ করেছেন। শিক্ষা প্রতিষ্ঠানে যখন বিভিন্ন দাবিতে কর্তৃপক্ষের বিরুদ্ধে ঘেরাও আন্দোলন চেনা ছবি। তখন সত্যি এক নজিরবিহীন ঘটনার সাক্ষী হাওড়া জেলা স্কুল। বেশ কয়েকবছর প্রধান শিক্ষক ছিল না সরকারি এই স্কুলে। পড়াশোনা সেভাবে হত না বছরখানেক আগে দায়িত্ব নিয়ে স্কুলের ভোল বদলে দিয়েছেন হেডস্যার শুভজিতবাবু, এমন দাবি ছাত্রও অভিভাবকদের। তিনি চলে গেলে একজন অভিভাবককে হারাবেন সবাই। তাই বদলির সিদ্ধান্ত মেনে নেওয়া যাবে না। সকাল এগারটা থেকে টানা চলছে আন্দোলন। প্রধান শিক্ষক সুভজিৎবাবু জানান, সরকারি নির্দেশ তাঁকে মানতে হবে। ছাত্রদের ও অভিভাবকদের আবেগে অভিভূত তিনি। ছাত্রদের আবেগ ভালবাসা নাকি সরকারি নির্দেশ, কিসের জয় হয় সেটাই দেখার।

হাওড়ার স্বচ্ছতা নিয়ে এক জনমুখী সচেতনতা শিবিরেরএত বিশেষ মুহূর্ত

মধ্যমগ্রামে এক মহিলাকে শ্লীলতাহানি করার অভিযোগ

নিজস্ব প্রতিনিধি, মধ্যমগ্রাম : মধ্যমগ্রামের চার নম্বর বসুনগর এলাকায় ফ্ল্যাটে ঢুকে এক মহিলাকে শ্লীলতাহানি করার অভিযোগ উঠল। অভিযোগের তীর উঠেছে সম্রাট মল্লিক নামে এক প্রতিবেশী যুবকের বিরুদ্ধে। তার বিরুদ্ধে শ্লীলতাহানির পাশাপাশি সোনার হার ছিনতাইয়েরও অভিযোগ করা হয়েছে। ঘটনার পর থেকেই পলাতক অভিযুক্ত সম্রাট মল্লিক। মধ্যগ্রাম থানার পুলিশ অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করেছে। জানা গিয়েছে, মধ্যগ্রামের চার নম্বর বসুনগর এলাকার ঐক্যতান আবাসনে থাকেন এই মহিলা। তাঁর অভিযোগ, বৃহস্পতিবার সন্ধ্যা নাগাদ তাঁর স্বামীর অনুপস্থিতিতে ফ্ল্যাটে ঢুকে পড়ে প্রতিবেশী সম্রাট মল্লিক। মদ্যপ অবস্থায় সে ফ্ল্যাটে ঢুকে ওই মহিলার পোশাক ধরে টানাটানি করতে শুরু করে। ওই সময় মহিলা চিৎকার করলে সে তার গলার সোনার হার নিয়ে পালিয়ে যায়। এরপরে মহিলার চিৎকারে আবাসনের নিরাপত্তারক্ষীরা চলে আসেন। খবর পেয়ে চলে আসে মধ্যমগ্রাম থানার পুলিশও। মহিলার অভিযোগ, মদ্যপ অবস্থায় সম্রাট মল্লিক তাঁর সঙ্গে অশালীন আচরণও করেন। এরআগেও সম্রাট ওই মহিলাকে রাস্তাঘাটে কুপ্রস্তাব দিয়েছিল বলে অভিযোগ। যা নিয়ে থানায় অভিযোগও জানানো হয়।

ডেঙ্গি মোকাবিলায় জেলাশাসকের দফতরে প্রশাসনিক বৈঠক

নিজস্ব প্রতিনিধি, বারাসত : উত্তর ২৪ পরগনা জেলায় ডেঙ্গি মোকাবিলায় শুক্রবার প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হল বারাসতে জেলা শাসকের অফিসে। জেলার বিভিন্ন গ্রামীণ এলাকার জন প্রতিনিধি সহ ব্লকস্তরের প্রশাসনিক কর্তাদের নিয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে উপস্থিত ছিলেন জেলার সমস্ত পুরসভার পুরপ্রধানরাও। এই বৈঠকে ডাকা হয় জেলার স্বাস্থ্য কর্তাদেরও। এদিনেও বৈঠকে উপস্থিত থেকে রাজ্যের খাদ্যমন্ত্রী ও উত্তর ২৪ পরগনা জেলা সবরকমভাবে প্রস্তুত। জেলাতে সামান্য জ্বরের ঘটনাও নথিভুক্ত করা হচ্ছে এবং নজরদারির আওতায় রাখা হচ্ছে। জেলার কয়েকটি পুরসভায় কিছু সমস্যা আছে, সেই সমস্ত জায়গায় যাতে আরও ভাল কাজ করা যায় তার পরিকল্পনাও নেওয়া হয়েছে। উত্তর ২৪ পরগনা জেলার ভাটপাড়া, পানিহাটি, উত্তর দমদম, অশোকনগর এবং কামারহাটি পুর এলাকাতে যেমন কিছু সমস্যা আছে, তেমনি জেলার কেন্দ্রীয় সরকারি দফতরগুলিতেও জমা জলের সমস্যা রয়েছে। সরকারের অনুমতি নিয়ে জেলা শাসক ওই সমস্ত দফতরকে চিঠি দেবেন।

এবার ধামসা-মাদলের তালে নাচলেন বীরভূমের কেষ্ট

নিজস্ব প্রতিনিধি, মহম্মদবাজার: মাস খানেক আগে বোলপুরে 'কলঙ্কিনী রাধা'র গানে নাচতে দেখা যায় তাঁকে। তবে সেটাই শেষ নয়। আবারও তৃণমূলের বীরভূম জেলা সভাপতি অনুব্রত মণ্ডলকে নাচতে দেখা গেল। তবে শুক্রবার আর রাধার গানে নয় বীরভূমের কেষ্ট নাচলেন ধামসা-মাদলের গানে। শুক্রবার বীরভূমের মহম্মদবাজারে আদিবাসী সম্মেলনে যোগদেন অনুব্রত মণ্ডল। সেখানেই অন্যদের সঙ্গে আদিবাসী গানের তালে তালে নাচেন তিনি।

কলকাতার ধর্মতলা শহিদ সমাবেশে থেকে আদিবাসী সম্মেলন করার নির্দেশ দিয়েছিলেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেইমতো শুক্রবার আদিবাসী অধ্যুষিত বীরভূমের মহম্মদবাজার থানার প্যাটেলনগর সম্মেলনের আয়োজন করা হয়। সেই সভায় এসে বেশ খোশ মেজাজেই দেখা যায় অনুব্রত মণ্ডলকে। সম্মেলনে অনুব্রতবাবু ছাড়াও উপস্থিত ছিলেন রাজ্যের কৃষিমন্ত্রী আশিস বন্দ্যোপাধ্যায়, জেলাশাসক মৌমিতা গোথারা বসু, পুলিশ সুপার কুণাল আগরওয়াল সহ দলের আদিবাসী নেতৃত্ব। মন্ত্রী আশিষ বন্দ্যোপাধ্যায়, অনুব্রত মণ্ডল, জেলা সভাপধিপতি বিকাশ রায় চৌধুরি সকলেই মাথায় পাতার মুকুট পরে আদিবাসী গানের তালে পা মেলান।

সোনারপুরে ব্যবসায়ীকে ঋণের প্রতিশ্রুতি দিয়ে প্রতারণার অভিযোগ

নিজস্ব প্রতিনিধি, সোনারপুর : ঋণ পাইয়ের দেওয়ার নামে ব্যবসায়ীর সঙ্গে প্রতারণার অভিযোগ উঠল সোনারপুরে। বৃহস্পতিবার সোনারপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন সোমা পাল নামে ওই ব্যবসায়ী। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

সোমা পালের বাড়ি সোনারপুর থানা এলাকার ঘোষপাড়ায়। ফুটপাথে তাঁর একটি গুমটি দোকান রয়েছে। গত বছর নভেম্বর তাঁর কাছে একটি ফোন আসে। এক ফিনান্স কোম্পানির নাম করে ফোনে বলা হয়, ব্যবসা বাড়ানোর জন্য তাঁকে ১১ লাখ টাকা লোন দেওয়া হবে। তবে তার জন্য ১ লাখ টাকা সিকিউরিটি ডিপোজিট করতে হবে। আরও বলা হয় যে, ওই টাকায় তাঁকে একটি ইন্সিওরেন্স করিয়ে দেওয়া হবে। এছাড়া পুরো টাকা তিনি পেয়ে যাবেন বলে আশ্বাসও দেওয়া হয় কোম্পানির তরফে।

ওই ব্যবসায়ীর বক্তব্য, 'লোন পাইয়ে দেওয়ার কথা শুনে আমি অনেক কষ্ট করে সেই টাকা কোনওরকমে জোগাড় করি। তবে আমি ওই টাকা তাদের চেকে দিতে চেয়েছিলাম। কিন্তু, তারা চেক না নিয়ে নগদে নেয়। তারপর থেকে প্রায় আট মাস কেটে গেছে। এখনও লোন পাইনি। ফোন করলে আমাকে নানাভাবে এড়িয়ে যাচ্ছে তারা। আমাকে সমানে ঘোরানো হচ্ছে। অনেক সময় হুমকিও দিচ্ছে।'

ছাদে অতিরিক্ত মাল, যাত্রী নিয়ে উল্টে গেল বাস

নিজস্ব প্রতিনিধি, সুচি : নিয়ন্ত্রণ হারিয়ে একটি বাস উল্টে পড়ল নয়ানজুলিতে। দুর্ঘটনায় গুরুতর জখম হয়েছেন ভলভো বাসটির প্রায় কুড়িজন যাত্রী। শুক্রবার রাত সাড়ে বারোটা নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে ৩৪ নম্বর জাতীয় সড়কে আহিরন এলাকায়। দুর্ঘটনার পর বাসের যাত্রীদের উদ্ধার করে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে পাঠানো হয়েছে।

বেসরকারি ভলভো বাসটি নবদ্বীপ থেকে কোচবিহার যাচ্ছিল। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, বাসের ছাদে প্রচুর মাল বোঝাই করা হয়েছিল। অতিরিক্ত মাল বোঝাই করার কারণেই চালক নিয়ন্ত্রণ হারান বলে যাত্রীদের একাংশ দাবি করেছে।

আহিরন ব্রিজের কাছে চালক নিয়ন্ত্রণ হারালে বাসটি নয়ানজুলিতে পড়ে যায়। আহত যাত্রীদের মধ্যে কয়েকজন অবস্থা আশঙ্কাজনক। আহতদের প্রথমে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে পাঠানো হয়। সেখানে থেকে চারজনকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ।

নৈহাটিতে গৃহবধূর শ্লীলতাহানির অভিযোগে গ্রেফতার শ্বশুর

নিজস্ব প্রতিনিধি, ব্যারাকপুর : এক গৃহবধূর শ্লীলতাহানির অভিযোগে তাঁর শ্বশুরকে গ্রেফতার করল পুলিশ। ধৃতের নাম জয়দেব বাড়ুয়া। তার বিরুদ্ধে দিনকয়েক আগেই নৈহাটি থানায় শ্লীলতাহানির অভিযোগ দায়ের করেছিলেন পুত্রবধূ।

নৈহাটির মুন্সিবাগান এলাকার ওই গর শ্লীলতাহানির অভিযোগ ওঠার পর থেকে পলাতক ছিল জয়দেব। এক মাসেরও বেশি সময় ধরে সে গা ঢাকা দিয়েছিল।

বৃহস্পতিবার অভিযুক্ত বাড়ি ফিরতেই পুলিশ তাকে গ্রেফতার করে। দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন ওই গৃহবধূ প্রতিবেশীরা। অভিযুক্তকে পুলিশ জিজ্ঞাসাবাদ করছে।

তল্লাশি চালিয়ে গাড়ি থেকে উদ্ধার ১২টি পাইপগান, ধৃত ৩

নিজস্ব সংবাদদাতা, ক্যানিং : গোপন সূত্রে খবর পেয়ে ক্যানিং থানার পুলিশ ও বারুইপুর পুলিশ জেলার এসওজি টিম আগ্নেয়াস্ত্র সহ তিন যুবককে গ্রেফতার করল। ধৃতদের কাছে থেকে ১২টি পাইপগান, ৯ রাউন্ড গুলি ও ৪টি মোবাইল ফোন উদ্ধার করেছে পুলিশ। এছাড়া ধৃতরা যে গাড়িটি ব্যবহার করেছিল সেটিও আটক করেছে পুলিশ। এই ঘটনায় আনোয়ার মণ্ডল, রুবেন মণ্ডল ও ঝন্টু পাল নামে তিন যুবককে গ্রেফতার করা হয়েছে। ধৃতরা মুর্শিদাবাদের জলঙ্গির বাসিন্দা।

পুলিশ গোপনসূত্রে খবর পেয়েছিল, মুর্শিদাবাদ থেকে আগ্নেয়াস্ত্র নিয়ে তিন যুবক বাসন্তীতে আসছে বিক্রি করতে। খবর পেয়ে ক্যানিংয়ের মাতলা সেতুর কাছে বৃহস্পতিবার রাতে পুলিশ নাকা চেকিং শুরু করে। ওই তিন যুবক মারুতি ভ্যান নিয়ে সেখানে এলে পুলিশ গাড়িটিকে দাঁড় করায়। তিন যুবক তখন পালিয়ে যাওয়ার চেষ্টা করে। কিন্তু পুলিশ তাদের ধরে ফেলে। পুলিশ তল্লাশি চালিয়ে গাড়ির সিটের নিচ থেকে আগ্নেয়াস্ত্র ও গুলি উদ্ধার করে। ধৃতদের জেরা করে পুলিশ জানতে পারে, তারা বাসন্তীর ভাঙনখালি এলাকায় অস্ত্রগুলি বিক্রির জন্য নিয়ে যাচ্ছিল। অস্ত্রগুলি তারা কার কাছে বিক্রি করতে নিয়ে যাচ্ছিল, তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ। শুক্রবার ধৃতদের আলিপুর আদালতে তোলা হয়।